



নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা

ই মেইল: precs@dhaka.net
ওয়েব সাইট : www.ecs.gov.bd

ফোন : ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
ফ্যাক্স : ৯১২৯৭৭৩

নিকস/জঃসঃ/প্রেস রিলিজ/২০০৫/১৫৭০

তারিখঃ ০৫/১২/২০০৬

সংবাদ বিজ্ঞপ্তি

ভোটার তালিকা সংশোধন :

দেশব্যাপী ভোটার তালিকা সংশোধনের কাজ চলছে। ভোটার তালিকা সংশোধনের লক্ষ্যে সহায়ক কর্মকর্তাগণ আগামী ০৮ ডিসেম্বর হতে ১০ ডিসেম্বর ০৬ তারিখ পর্যন্ত বাড়ি বাড়ি যাবেন। এসময় সহায়ক কর্মকর্তাগণ কর্তব্য যোগ্য ভোটার চিহ্নিত করবেন।

আগামী ১৩ ডিসেম্বর হতে ১৪ ডিসেম্বর ০৬ তারিখ পর্যন্ত সহকারী রেজিস্ট্রেশন অফিসার কর্তৃক কর্তব্য যোগ্য ভোটারের বিষয়ে গুনানী গ্রহণ করা হবে এবং ১৫ ডিসেম্বর ০৬ তারিখ সহকারী রেজিস্ট্রেশন অফিসার তালিকা সংশোধন করবে।

বিদ্যমান ভোটার তালিকা সংশোধন কার্যক্রমের সময় কর্তব্য যোগ্য ভোটারের নাম কর্তব্য ছাড়াও ভোটার হওয়ার যোগ্য কারো নাম বাদ পড়ে থাকলে তা অন্তর্ভুক্তি বা কারো নাম ভোটার তালিকায় ভুল থাকলে তা সংশোধনের জন্যও নির্ধারিত ফরমে সহায়ক কর্মকর্তার নিকট আবেদন করা যাবে।

ভোটার হওয়ার অযোগ্য কারো নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয়ে থাকলে বা কারো নাম একাধিক স্থানে অন্তর্ভুক্ত হয়ে থাকলে তা চিহ্নিত করে সহায়ক কর্মকর্তাকে জানানোর জন্য সকলকে অনুরোধ জানানো হচ্ছে।

যে সকল ভোটার আগামী সংসদ নির্বাচনে কোন প্রার্থীর মনোনয়ন পত্রে প্রস্তাবক বা সমর্থক হবেন তারা তাদের ভোটার নম্বর জানার জন্য সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসে যথাবিধি অনুযায়ী যোগাযোগ করতে পারবেন।

একটি সঠিক ও নির্ভুল ভোটার তালিকা অবাধ ও সুষ্ঠু নির্বাচনের পূর্বশর্ত। বিদ্যমান ভোটার তালিকা সংশোধন কার্যক্রমে সকল রাজনৈতিক দল, বিভিন্ন সামাজিক ও পেশাজীবী সংগঠন, এন. জি. ও, প্রিন্ট ও ইলেক্ট্রনিক সংবাদ মাধ্যমসহ সকলের নিকট নির্বাচন কমিশন সহযোগিতা কামনা করছে।

(এস এম আসাদুজ্জামান)

জনসংযোগ কর্মকর্তা (সিঃসিঃ)

ফোন : ৮১১৪১৭৬

বাসা : ৮০৫৩৪৭৬